

## কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইন্যান্স

### ডিফেন্স ফাইন্যান্স ডিপার্টমেন্ট (ডিএফডি) এর বর্ণনাঃ

প্রতিরক্ষা অর্থ বিভাগ, প্রতিরক্ষা মন্ত্রণালয়ের সংযুক্ত ডিপার্টমেন্ট হিসেবে সশস্ত্র বাহিনীর আর্থিক দাবীসমূহ নিষ্পত্তি এবং এতদসংক্রান্ত বিষয়ে পরামর্শ প্রদান করে। ইষ্ট ইন্ডিয়া কোম্পানীর নিকট হতে ভারতীয় উপমহাদেশের শাসন ব্যবস্থা বৃটিশ রাজত্বে স্থানান্তর হওয়ার পরে ১৮৬১ সালে রাজকীয় সামরিক হিসাব বিভাগ সৃষ্টি হয়। স্বাধীনতার পূর্বে কন্ট্রোলার অব মিলিটারী একাউন্টস (সিএমএ) ঢাকা, মিলিটারী একাউন্ট্যান্ট জেনারেল (এমএজি) পাকিস্তান এর আওতাধীন ছিল। স্বাধীনতার পর মহান মুক্তিযুদ্ধে জয়লাভের অগ্রণী ভূমিকা পালনকারী সশস্ত্র বাহিনীর আর্থিক ব্যবস্থাপনাকে সুশৃঙ্খল এবং যুগোপযোগী করতে সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালী জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ১৯৭৪ সালে বাংলাদেশ মিলিটারী একাউন্টস ডিপার্টমেন্ট (বিএমএডি) প্রতিষ্ঠা করেন; যার সদর দপ্তর মিলিটারী একাউন্ট্যান্ট জেনারেল (এমএজি) এর কার্যালয়, ঢাকা। এর অধীন কন্ট্রোলার অব মিলিটারী একাউন্টস (সিএমএ) ঢাকা এবং পরবর্তীতে কন্ট্রোলার অব মিলিটারী একাউন্টস (সিএমএ), বগুড়া প্রতিষ্ঠা করা হয়। এছাড়া নৌবাহিনীর জন্য পৃথক একটি কন্ট্রোলার অব নেভাল একাউন্টস (সিএনএ) ঢাকা বিমান বাহিনীর জন্য পৃথক একটি কন্ট্রোলার অব এয়ার ফোর্স একাউন্টস (সিওএফএ) ঢাকা এবং সমরাঞ্চ কারখানার জন্য কন্ট্রোলার অব ফ্যাক্টরী একাউন্টস (সিওএফএ) কার্যালয় প্রতিষ্ঠা করা হয়। সিএমএ, ঢাকা বাংলাদেশের মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক (সিএজি) এর নিয়ন্ত্রণে থেকে স্বাধীন বাংলাদেশের সামরিক বাহিনীর আর্থিক দাবী নিষ্পত্তি এবং হিসাবায়নের কাজ সম্পন্ন করতো।

তৎকালীন সামরিক আইন প্রশাসকের নির্দেশে গঠিত কমিটি কর্তৃক Report of the Martial Law committee on Organisational set-up phase II (Department/ Directories and other Organisations under them), Volumn III (Ministry of Defence), part 1 (Defence Division) Chapter XII (Defence Finance Department), December 1982 এর মাধ্যমে বাংলাদেশ সশস্ত্র বাহিনীর ব্যবস্থাপনায় গতিশীলতা বৃদ্ধির লক্ষ্যে বাংলাদেশ মিলিটারী একাউন্টস ডিপার্টমেন্ট (বিএমএডি) এর পরিবর্তে ডিফেন্স ফাইন্যান্স ডিপার্টমেন্ট (ডিএফডি) প্রতিষ্ঠিত হয় এবং এমএজি কার্যালয়ের নাম পরিবর্তন করে কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইন্যান্স (সিজিডিএফ) এর কার্যালয় নামকরণ করা হয়। এর মাধ্যমে নিরীক্ষা ও হিসাব ব্যবস্থাপনার প্রচলিত ধারার পরিবর্তে আধুনিক আর্থিক ব্যবস্থাপনার ধারণা প্রবর্তিত হয়।

কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইন্যান্স, ডিফেন্স ফাইন্যান্স ডিপার্টমেন্ট (ডিএফডি) এর প্রধান হিসেবে কাজ করে থাকেন। ডিফেন্স ফাইন্যান্স ডিপার্টমেন্ট (ডিএফডি) এর অধীনে ০৫ (পাঁচ) টি সিনিয়র ফাইন্যান্স কন্ট্রোলার (আর্মি, নেভী, এয়ারফোর্স, পূর্ত, ডিপি), ০১ (এক) টি এডিশনাল চিফ কন্ট্রোলার অব ডিফেন্স ফাইন্যান্স (বিওএফ) প্রাক্তন এফসি (বিওএফ), ০১ (এক) টি এডিশনাল চিফ কন্ট্রোলার অব ডিফেন্স ফাইন্যান্স আর্মি (সিভিল) প্রাক্তন এফসি (বিবিধ), ০৩ (তিনি) টি ফাইন্যান্স কন্ট্রোলার, ০৮ (আট) টি এরিয়া ফাইন্যান্স কন্ট্রোলার (আর্মি), ০২ (দুই) টি এরিয়া ফাইন্যান্স কন্ট্রোলার (নেভী), ০২ (দুই) টি সিনিয়র ফিল্ড পে অফিস এবং ১০ (দশ) টি ফিল্ড পে অফিস রয়েছে।